দৈনিক বাংলা

তারিখ 11 SEP 1993
পৃষ্ঠা ২ কলাম ৭

৩২

38

### প্রাথমিক ও গণশিক্ষা বিভাগের জরিপ

# দেশের ৮২ ভাগ শিশু এখন স্কুলে যাচ্ছে

স্টাফ রিপোর্টার ঃ বর্তমান বিএনপি সরকারের সূচিত দেশব্যাপী বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা কর্মসূচী সফল হতে চলেছে। এ বছর জানুয়ারীতে এই কর্মসূচী চালু হয়। প্রাথমিক ও গণশিক্ষা বিভাগ পরিচালিত সাম্প্রতিক এক জরিপে দেখা গেছে, সারা-দেশে স্কুলে যাওয়ার উপযুক্ত শিশুদের শতকরা ৮২ ভাগ এখন স্কুলে যাচ্ছে। জরিপে আরো দেখা যায়, বর্তমানে দেশে স্কুলে যাওয়ার উপযোগী প্রায় ৫০ লাখ শিশু রয়েছে।

বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা কর্মসূচীকে সর্বাত্মকভাবে সফল করে তোলার জন্য সরকারের তরফ থেকে বিশেষ কিছু কর্মসূচী গ্রহণ করা হয়েছে। বিশেষ করে গ্রামের যেসব দরিদ্র পরিবার তাদের ছোট ছোট ছেলেমেয়েদের উপর জীবিকার জন্য,

(৩–এর পৃঃ ৫–এর কঃদ্রঃ)

## দেশের ৮২ ভাগ

(প্রথম পৃঃ পর)

নির্ভরশীল তারা যাতে ক্ষতিগ্রস্ত না হয় সে লক্ষ্যে শিক্ষার জন্য খাদ্য কর্মসূচী চালু করা হয়েছে। এ কর্মসূচীর আওতায় চলতি অর্থ বছরে প্রায় ৯০ কোটি টাকা মূল্যের এক লাখ ২৪ হাজার টন চাল ও গম স্কুলগামী দরিদ্র শিশুদের পরিবারকে দেয়া হবে। এ বছর ৬ লাখ ৯০ হাজার ছাত্রছাত্রী এবং তাদের ৪ লাখ ৬০ হাজার পরিবার এ সুবিধা পাবে।

বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা কর্মসূচীকে বাস্তবায়িত করতে প্রাথমিক ও গণশিক্ষা বিভাগ নামে নতুন বিভাগ সৃষ্টি করা হয়েছে। সাড়ে ৪ হাজার নিবন্ধনযোগ্য বেসরকারী প্রাথমিক বিদ্যালয়কে রেজিস্ট্রেশন প্রদান করা হয়েছে এবং প্রত্যেক শিক্ষককে মাসে ৫০০ টাকা করে অনুদান প্রদানের ব্যবস্থা নেয়া হয়েছে। এছাড়া সরকারের সহায়তায় ২ হাজার ১৫৮টি এনজিও কেন্দ্র থেকে প্রতিবছর এক লাখ শিশুকে উপআনুষ্ঠানিক শিক্ষা প্রদানের ব্যবস্থা নেয়া হয়েছে। ৮ হাজার ৬১৪টি রেজিস্ট্রীকৃত বেসরকারী প্রাথমিক বিদ্যালয়ের উন্নয়ন কাজও এগিয়ে চলেছে।

বর্তমান সরকার ক্ষমতা গ্রহণের পর ৪ হাজারেরও বেশী নতুন প্রাথমিক স্কুল এবং ২০০টি স্যাটেলাইট স্কুল স্থাপন করা হয়েছে।